



পারিবারিক জীবন যা ঈশ্বরকে সন্তুষ্ট করে

পরিবারে স্বামীর স্থান কী? (১)

এক স্বামীর তার স্ত্রীর সাথে কিভাবে ব্যবহার করা উচিত? (২)

এক পিতার কী দায়িত্বগুলি রয়েছে? (৩)

পরিবারে স্ত্রীর ভূমিকা কী? (৪)

পিতামাতা ও সন্তানদের কাছ থেকে ঈশ্বর কী চান? (৫)

পৃথক থাকা ও বিবাহবিচ্ছেদ সম্বন্ধে বাইবেলের অভিমত কী? (৬, ৭)

১. বাইবেল বলে যে এক স্বামী তার পরিবারের মস্তকস্বরূপ। (১ করিন্থীয় ১১:৩) এক স্বামীর শুধুমাত্র একটি স্ত্রী থাকা উচিত। আইনের চোখে তাদের যথাযথরূপে বিবাহিত হওয়া উচিত।—১ তীমথিয় ৩:২; তীত ৩:১.

২. এক স্বামীর তার স্ত্রীকে ভালবাসা উচিত ঠিক যেমন সে নিজেকে ভালবাসে। স্ত্রীর সাথে তার সেইভাবে ব্যবহার করা উচিত যেমন যীশু তাঁর শিষ্যদের সাথে ব্যবহার করতেন। (ইফিসীয় ৫:২৫, ২৮, ২৯) তার কখনই উচিত নয় স্ত্রীকে প্রহার করা অথবা কোনভাবে তার সঙ্গে দুর্ব্যবহার করা। বরং, তাকে তার শ্রদ্ধা ও সম্মান দেখানো উচিত।—কলসীয় ৩:১৯; ১ পিতর ৩:৭.

৩. তার পরিবারের যত্ন নেওয়ার জন্য এক পিতার কঠোর শ্রম করা উচিত। তার স্ত্রী ও সন্তানদের জন্য তাকে অবশ্যই খাদ্য, বস্ত্র এবং বাসস্থানের ব্যবস্থা করতে হবে। আরও, এক পিতাকে তার পরিবারের আধ্যাত্মিক প্রয়োজনগুলির ব্যবস্থাও অবশ্যই করতে হবে। (১ তীমথিয় ৫:৮) ঈশ্বর ও তাঁর উদ্দেশ্যসকল সম্বন্ধে শিখতে তার পরিবারকে সাহায্য করায় তিনি নেতৃত্ব নেন।—দ্বিতীয় বিবরণ ৬:৪-৯; ইফিসীয় ৬:৪.

৪. এক স্ত্রীর উচিত তার স্বামীর জন্য এক উত্তম

সহকারিণী হওয়া। (আদিপুস্তক ২:১৮) তাদের সন্তানদের শিক্ষা এবং অনুশীলন দেওয়ায় তার স্বামীকে সাহায্য করা স্ত্রীর উচিত। (হিতোপদেশ ১:৮) যিহোবা চান এক স্ত্রী যেন প্রেমসহকারে তার পরিবারের যত্ন নেয়। (হিতোপদেশ ৩১:১০, ১৫, ২৬, ২৭; তীত ২:৪, ৫) স্বামীর প্রতি তার গভীর শ্রদ্ধা থাকা উচিত।—ইফিসীয় ৫:২২, ২৩, ৩৩.



৫. ঈশ্বর চান যেন সন্তানেরা তাদের পিতামাতার বাধ্য থাকে। (ইফিসীয় ৬:১-৩) তিনি আশা করেন পিতামাতারা তাদের সন্তানদের নির্দেশ দেবে এবং সংশোধন করবে। সন্তানদের আধ্যাত্মিক এবং মানসিক প্রয়োজনগুলির যত্ন নিতে, পিতামাতার প্রয়োজন তাদের সাথে সময় ব্যয় করা এবং তাদের সঙ্গে বাইবেল অধ্যয়ন করা। (দ্বিতীয় বিবরণ ১১:১৮, ১৯; হিতো-পদেশ ২২:৬, ১৫) পিতামাতার কখনই উচিত নয় তাদের সন্তানদের কোন কঠোর অথবা নিষ্ঠুর উপায়ে শাসন করা।—কলসীয় ৩:২১.

৬. যখন বিবাহিত সাথীদের একত্রে মানিয়ে চলা সমস্যা হয়ে পড়ে, তাদের উচিত বাইবেলের পরামর্শ প্রয়োগ করতে চেষ্টা করা। বাইবেল আমাদের প্রেম প্রদর্শন করতে এবং ক্ষমাশীল হতে উপদেশ দেয়। (কলসীয় ৩:১২-১৪) তুচ্ছ সমস্যাগুলি সমাধান করার একটি পথ হিসাবে পৃথক থাকাকে ঈশ্বরের বাক্য উৎসাহ দেয় না। কিন্তু এক স্ত্রী তার স্বামীকে ত্যাগ করা বেছে নিতে পারে যদি (১) সে তার পরিবারের ভরণপোষণ করতে জেদের সাথে অস্বীকার করে, (২) সে এত হিংস্র হয় যে স্ত্রীর স্বাস্থ্য এবং জীবন বিপন্ন, অথবা (৩) তার চরম বিরোধিতা স্ত্রীর যিহোবার

এক প্রেমময় পিতা তার পরিবারের জন্য
দৈহিক ও আধ্যাত্মিক ব্যবস্থা করেন

উপাসনা করাকে অসম্ভব করে তোলে।—১ করিন্থীয় ৭:১২, ১৩.

৭. বিবাহিত সাথীদের অবশ্যই একে অপরের প্রতি বিশ্বস্ত হতে হবে। পারদারিকতা ঈশ্বর এবং একজনের সাথীর বিরুদ্ধে একটি পাপ। (ইব্রীয় ১৩:৪) বিবাহের বাইরে যৌন সম্পর্ক হচ্ছে একমাত্র শাস্ত্রসংগত ভিত্তি বিবাহবিচ্ছেদের জন্য পুনর্বিবাহের অনুমতি দিয়ে। (মথি ১৯:৬-৯; রোমীয় ৭:২, ৩) যখন লোকে শাস্ত্রীয় ভিত্তি ছাড়াই বিবাহবিচ্ছেদ এবং অন্য কাউকে বিবাহ করে, যিহোবা তা ঘৃণা করেন।—মালাখি ২:১৪-১৬.

ঈশ্বর আশা করেন পিতামাতারা তাদের সন্তানদের
নির্দেশ দেবে এবং সংশোধন করবে

